ফাতওয়া নাম্বার: ৫৫০ প্রকাশকাল: ১২-০৫-২০২৫ ইং

আকীকার পশু ভিন্ন জায়গায় জবাইয়ের হুকুম

প্রশ্ন:

ছেলের আকীকার ক্ষেত্রে দুইটি খাসি কি দুই জায়গায় জবেহ করা যাবে? একটি নিজ বাড়িতে আরেকটি শ্বশুর বাড়িতে।

-আল-আমিন

উত্তর:

জি, পুত্র সন্তানের আকীকার দুটি খাসি দুই জায়গায় জবেহ করা যাবে। এতে কোনো সমস্যা নেই।

তবে আকীকা সন্তান জন্মের সপ্তম দিনে করা সুন্নত। তাই দুই স্থানে করলেও সপ্তম দিনে করার চেষ্টা করতে হবে। এ বিষয়ে আরো জানতে দেখুন:

ফাতওয়া: ২৯৭- সপ্তম দিনের পরে আকীকা দিলে কি তা আদায় হবে?

ফাতওয়া: ৩৪৬- আকীকা কখন করা সুন্নত?

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-১০-১৪৪৬ হি.

২৩-০৪-২০২৫ ইং